অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/24/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল হ্যালোউইনের সময় মাতাল এবং বেপরোয়া গাড়ি চালানোর বিরুদ্ধে ব্যবস্থা নিতে স্টেট পুলিশ এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের টহল বাড়ানোর ঘোষণা দিলেন

টহল ও ট্রাফিক এনফোর্সমেন্টের সময়কাল রবিবার শুরু হয়ে 31 অক্টোবর, শনিবার পর্যন্ত চলবে

গভর্নর নিউ ইয়র্কবাসীকে সতর্ক থাকতে এবং মাতাল হয়ে গাড়ি না চালানোর তাগিদ দিলেন; হ্যালোউইন হলো 18 বছরের কম বয়সের পথচারীদের জন্য সবথেকে বিপজ্জনক দিন

2025 সালের এনফোর্সমেন্ট অভিযানে 44,545টি ট্রাফিক টিকিট দেওয়া হয়েছে

গভর্নর ক্যাথি হোকল (Kathy Hochul) আজকে ঘোষণা করেছেন যে স্টেট পুলিশ এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীরা হ্যালোউইনে টহল বাড়াবে, তাদের টার্গেট হবে মাতাল এবং বেপরোয়া চালক। গভর্নরের ট্রাফিক সেফটি কমিটির (Governor's Traffic Safety Committee, GTSC) অর্থায়নে পরিচালিত এই এনফোর্সমেন্ট অভিযান 25 অক্টোবর, রবিবার থেকে 31 অক্টোবর, শনিবার পর্যন্ত চলবে।

"সবারই হ্যালোউইন উপভোগ করা এবং কিছু দারুণ স্মৃতি তৈরি করতে পারা উচিত," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "দুর্ভাগ্যজনকভাবে, এখনও অনেক চালক গাড়ি চালানোর সময় ভুল সিদ্ধান্ত নেন, যার মারাত্মক পরিণতি তাদের নিজেদের এবং অন্যদের ভোগ করতে হয়। আমরা স্পষ্ট করে দিয়েছি, যারা মাতাল অবস্থায় বা অমনোযোগী হয়ে গাড়ি চালান কিংবা গতিসীমা মানেন না, তাদের প্রতি আমাদের কোনো ছাড় নেই। নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) এবং আমাদের স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্মকর্তারা পুরো শক্তি নিয়ে রাস্তায় থাকবেন, যাতে যারা এখনও এই বার্তা বোঝেননি তাদের খুঁজে বের করা যায়।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব মোটর ভেহিকলসের (New York State Department of Motor Vehicles) ভারপ্রাপ্ত কমিশনার Christian Jackstadt (ক্রিশ্চিয়ান জ্যাকস্টাড) বলেন, "ট্রাফিক নিরাপত্তাই জননিরাপত্তা এবং নিউ ইয়র্কের পরিবারগুলোকে সড়কে সুরক্ষিত রাখতে গভর্নর Hochul (হোকল) যে অঙ্গীকার করেছেন, আমরা তাকে সাধুবাদ জানাই। হ্যালোউইনে বা বছরের অন্য যেকোনো সময় বেপরোয়া গাড়ি চালানোর কোনো অজুহাত নেই,

আর আপনার উদযাপনে যদি মদ বা মাদক থাকে, তাহলে নেশামুক্ত চালকের মাধ্যমে বাড়ি ফেরার ব্যবস্থা রাখুন।"

হ্যালোউইনে মাতাল অবস্থায় গাড়ি চালানোর বিরুদ্ধে এই এনফোর্সমেন্ট অভিযান গভর্নরের ট্রাফিক সেফটি কমিটির (GTSC) অর্থায়নে পরিচালিত কয়েকটি সমন্বিত উদ্যোগের একটি, যার লক্ষ্য মদ ও অন্যান্য মাদকজনিত সড়ক দুর্ঘটনা কমানো। এসব লক্ষ্যভিত্তিক অভিযান পুরো স্টেটজুড়ে আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থাগুলোকে অপ্রাপ্তবয়স্কদের মদ্যপান রোধ করতে এবং অভিযানের সময়কালে DWI টহল ও নেশামুক্ত অবস্থা দেখার চেকপয়েন্ট বাড়াতে প্রয়োজনীয় রিসোর্স জোগায়।

গত বছরের উদ্যোগে আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্মকর্তারা 44,545টি ট্রাফিক টিকিট দিয়েছেন, যার মধ্যে মাতাল অবস্থায় গাড়ি চালানোর জন্য 1,210টি এবং গতিসীমা অমান্য করার জন্য 8,701টি।

নিউ ইয়র্ক স্টেট পুলিশের সুপারিনটেনডেন্ট Steven G. James (স্টিভেন জি. জেমস) বলেন, "হ্যালোউইন অনেকের জন্য আনন্দের দিন, তবে এটি নিউ ইয়র্কের সড়কে দায়িত্বশীলতার শিক্ষাও হতে পারে। আমরা চালকদের অনুরোধ করছি, বুদ্ধিমানের মতো সঠিক সিদ্ধান্ত নিন, মদ্যপান করে গাড়ি চালাবেন না এবং ট্রিক-অর-ট্রিট করতে বের হওয়া শিশু ও পথচারীদের কাছাকাছি গেলে বাড়তি সতর্ক থাকুন। সবার জন্য নিরাপদ হ্যালোউইন নিশ্চিত করতে গভর্নরের ট্রাফিক সেফটি কমিটি এবং আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী অংশীদারদের সঙ্গে কাজ করতে পেরে আমরা গর্বিত।"

আলস্টার কাউন্টির (Ulster County) শেরিফ এবং নিউ ইয়র্ক স্টেট শেরিফস অ্যাসোসিয়েশনের (NYS Sheriffs' Association) প্রেসিডেন্ট Juan Figueroa (হুয়ান ফিগেরোয়া) বলেন, "হ্যালোউইন শিশু ও প্রাপ্তবয়স্ক উভয়ের জন্যই আনন্দের সময় হতে পারে। আমাদের সবসময়ই নিরাপদে গাড়ি চালানো উচিত, তবে হ্যালোউইনের আশপাশের দিনগুলোতে তা আরো বেশি গুরুত্বপূর্ণ। ট্রিক-অর-ট্রিট করতে বের হওয়া শিশুরা রাস্তায় থাকবে এবং তাদের পরনে গাঢ় রঙের পোশাক থাকতে পারে। শিশুরা এক বাড়ি থেকে আরেক বাড়িতে যাওয়ার সময় রাস্তা পার হতে দৌড়াতে পারে। মাতাল অবস্থায় বা আক্রমণাত্মকভাবে গাড়ি চালালে বিপজ্জনক পরিস্থিতিতে প্রতিক্রিয়া দেখানোর এবং তা এড়ানোর ক্ষমতা কমে যায়। নিউ ইয়র্ক স্টেটের শেরিফরা চান, আপনারা আইন মেনে এবং মাতাল অবস্থায় গাড়ি না চালানোর পরিকল্পনা করে গা ছমছমে এই সময়টি উপভোগ করুন।"

টাউন অব ব্রাইটন পুলিশ ডিপার্টমেন্টের (Town of Brighton Police Department) প্রধান এবং নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অব চিফস অব পুলিশের (New York State Association of Chiefs of Police) প্রেসিডেন্ট David Catholdi (ডেভিড ক্যাথোলডি) বলেন, "আমরা চাই সবাই নিরাপদ ও আনন্দময় হ্যালোউইন উদযাপন করুন, আর চালকদের কাছে আমাদের অনুরোধ, দায়িত্বশীল আচরণ করুন। আপনি যদি মদ্যপান করতে যান, তাহলে একজন নির্ধারিত চালক রাখুন অথবা রাইডশেয়ার ব্যবহার করুন।"

এনফোর্সমেন্টের সময়কালে চালকেরা একাধিক নেশামুক্ত অবস্থা দেখার চেকপয়েন্ট এবং বাড়তি DWI টহল দেখতে পারবেন। মাতাল চালকদের টার্গেট করার পাশাপাশি, আইন শৃঙ্খলা রক্ষাকারী অফিসাররা অমনোযোগী বা গতিসীমা না মানা চালকদের উপরও নজর রাখবেন।

সুপার বোল, সেন্ট প্যাট্রিকস ডে, স্বাধীনতা দিবস, গ্রীষ্মের শেষে লেবার ডে পর্যন্ত সময়, থ্যাংকসগিভিং এবং ডিসেম্বরের মাঝামাঝি থেকে ক্রিসমাস ও নববর্ষ পর্যন্ত সময়েও মাতাল অবস্থায় গাড়ি চালানোর বিরুদ্ধে অন্যান্য অভিযান চালানো হয়।

ন্যাশনাল হাইওয়ে ট্রাফিক সেফটি অ্যাডমিনিস্ট্রেশনের (National Highway Traffic Safety Administration, NHTSA) তথ্য অনুযায়ী, 2019 থেকে 2024 সালের মধ্যে হ্যালোউইনের রাতে মদ্যপানজনিত দুর্ঘটনায় 201 জন নিহত হয়েছেন, যেখানে অন্তত একজন চালকের রক্তে অ্যালকোহলের মাত্রা .01 বা তার বেশি ছিল এবং 176 জন নিহত হয়েছেন এমন দুর্ঘটনায়, যেখানে মাতাল চালকের BAC ছিল .08 বা তার বেশি। ।ঐ 5 বছরে ট্রাফিক দুর্ঘটনায় নিহত 21 থেকে 34 বছর বয়সীদের অর্ধেকেরও বেশি (54 শতাংশ) মাতাল অবস্থায় গাড়ি চালানোজনিত দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন।

মাতাল অবস্থায় গাড়ি চালানোজনিত এসব দুর্ঘটনার শিকারদের মধ্যে ছিলেন 31 জন পথচারী এবং 144 জন চালক ও যাত্রী। জার্নাল অব দ্য আমেরিকান মেডিকেল অ্যাসোসিয়েশনে (Journal of the American Medical Association, JAMA) প্রকাশিত এবং NHTSA-এর 42 বছরের তথ্যের ভিত্তিতে তৈরি একটি গবেষণা অনুযায়ী, অন্য যেকোনো রাতের তুলনায় হ্যালোউইনে পথচারীর মৃত্যুর ঝুঁকি 43 শতাংশ বেশি। JAMA-এর ওই গবেষণায় আরো দেখা গেছে, 4 থেকে 8 বছর বয়সী শিশুরা অন্য যেকোনো সন্ধ্যার তুলনায় হ্যালোউইনে গাড়ির ধাক্কা খাওয়ার ঝুঁকিতে 10 গুণ বেশি থাকে।

হ্যালোউইন পার্টির পর যেসব চালকের বাড়ি ফেরার উপায় দরকার হতে পারে, তাদের জন্য গভর্নরের ট্রাফিক সেফটি কমিটি এবং নিউ ইয়র্ক স্টেট STOP-DWI ফাউন্ডেশনের (New York State STOP-DWI Foundation) "Have a Plan" মোবাইল অ্যাপটি অ্যাপল এবং অ্যান্ড্রোয়েড স্মার্টফোনে পাওয়া যায়। অ্যাপটি নিউ ইয়র্কবাসীদেরকে একটি ট্যাক্সি সেবা খুঁজে নিতে ও ফোন করতে এবং একটি নির্ধারিত চালকের তালিকা প্রোগ্রাম করতে দেয়। এছাড়াও এটি DWI আইন এবং শাস্তি সম্পর্কে তথ্য দেয়, এবং মাতাল সন্দেহ করা হচ্ছে এমন চালকদের রিপোর্ট করার একটি উপায় দেয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।